

# এসএসসির খাতা মূল্যায়নে অনীহায় পরীক্ষকদের শাস্তি

ইতেফাক ডিজিটাল ডেক্স

প্রকাশ : ১২ মে ২০২৫, ২৩:০০



এসএসসি পরীক্ষার উত্তরপত্র (খাতা) মূল্যায়নে অনীহা দেখাচ্ছেন পরীক্ষকরা। তারা নির্ধারিত তারিখে শিক্ষাবোর্ড থেকে খাতা নিচ্ছেন না। এতে ফলাফল প্রকাশে দেরি হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। এমন পরিস্থিতিতে শান্তিমূলক ব্যবস্থা গ্রহণে হাঁশিয়ারি দিয়েছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড।

 দৈনিক ইন্ডিফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

সোমবার (১২ মে) ঢাকা শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দারের সই করা এক চিঠিতে এ হাঁশিয়ারি দেওয়া হয়।



এবার আওয়ামী লীগের নিবন্ধন স্থগিত

চিঠিতে বলা হয়েছে, ২০২৫ সালের এসএসসি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের জন্য বোর্ড কর্তৃক পরীক্ষক ও প্রধান পরীক্ষক নিয়োগ দেওয়া হয়েছে। কিন্তু উদ্বেগের সঙ্গে লক্ষ্য করা যাচ্ছে, তাদের একটি অংশ দায়িত্ব পালনে আগ্রহ দেখাচ্ছেন না।

এতে আরও বলা হয়, এমন অবস্থায় বিষয়টিকে ‘অতীব জরুরি’ উল্লেখ করে বোর্ড কর্তৃপক্ষ নিয়োগপ্রাপ্ত সব পরীক্ষক ও প্রধান পরীক্ষকদের নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষার খাতা সংগ্রহের নির্দেশনা দিয়েছে। সেই সঙ্গে নির্দেশ অমান্যকরীদের বিরুদ্ধে শান্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও সতর্কও করা হয়েছে।



আবেগ নয়, দূরদৃষ্টি চাই: অন্তর্বর্তী সরকারের প্রতি রিজিভার আহ্বান

সংশ্লিষ্ট জেলা প্রশাসক (ডিসি), উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও), জেলা শিক্ষা কর্মকর্তা ও শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছেও চিঠির অনুলিপি পাঠানো হয়েছে।